


# ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

ড্যাফোডিল স্মার্ট সিটি, আশুলিয়া, ঢাকা, বাংলাদেশ

## বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বিভিন্ন সময়ের নির্দেশনার পরিপ্রেক্ষিতে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বিবিধ অনলাইন পরীক্ষা পরিচালনার নীতিমালা

- ১) সংশ্লিষ্ট বিষয়ের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষা বিভাগীয় কমিটিসমূহের সুপারিশের ভিত্তিতে একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ নিয়মসমূহ অনুসরণপূর্বক অনলাইন ও সশরীরে (তত্ত্বীয় ও ব্যবহারিক) পরিচালিত হবে।
- ২) বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তি বিভাগসমূহ অসমাপ্ত ব্যবহারিক ক্লাস এবং তার মূল্যায়ন স্বাস্থ্যবিধি মেনে সম্পন্ন করবে।
- ৩) পরীক্ষার মূল্যায়নপূর্বক (বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত) চলমান পদ্ধতি ও স্কেলে গ্রেড প্রদান করা হবে।
- ৪) তত্ত্বীয় বিষয় এবং হাতে কলমে কাজ করার প্রয়োজন নেই এমন ব্যবহারিক বিষয়ে অনলাইনে পরীক্ষা নিয়ে চূড়ান্ত নম্বর/গ্রেডিং প্রদান করা যাবে।
- ৫) ল্যাব ভিত্তিক নয় এমন থিসিস/প্রজেক্ট অনলাইনে সুপারভাইজ করা হবে। ল্যাব ভিত্তিক থিসিস/প্রজেক্ট এর সুপারভিশন স্বাস্থ্যবিধি মেনে শারিরিক বা অনলাইনে করা হবে। বিশ্ববিদ্যালয়ের নিয়মানুসারে পরীক্ষার্থীরা প্রজেক্ট/থিসিস জমাদান করবে এবং কর্তৃপক্ষ প্লেজারিজম চেক করবেন ও অনলাইনে ডিফেন্স নেয়া হবে।
- ৬) কুইজ, এ্যাসাইনমেন্ট, ক্লাসটেস্ট, মৌখিক পরীক্ষা, মিড-টার্ম পরীক্ষা, ফাইনাল ইত্যাদি পরীক্ষার সময় শিক্ষার্থীদের ডিভাইসের ক্যামেরা ও মাইক্রোফোন উভয়টিই চালু থাকতে হবে।
- ৭) সকল বিভাগে বিধি মোতাবেক সংগঠিত একটি প্রশ্নপত্র মডারেশন কমিটি থাকবে। সংশ্লিষ্ট বিষয়ের মনোনীত শিক্ষকগণ আলাদাভাবে প্রশ্নপত্র তৈরী করবেন এরপর মডারেশন কমিটি একত্রে বসে প্রশ্নপত্রসমূহ মডারেশন করবেন। বিভাগীয় প্রধান এই প্রক্রিয়াটি মনিটর করবেন।
- ৮) কুইজ, এ্যাসাইনমেন্ট, ক্লাসটেস্ট, মিড-টার্ম, ফাইনাল ইত্যাদি পরীক্ষার সংশ্লিষ্ট সকল উত্তরপত্র ও ডকুমেন্ট পরীক্ষা নিয়ন্ত্রক অফিস এবং বিএলসি প্ল্যাটফরম-এ সংরক্ষিত থাকবে।



# ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

ড্যাফোডিল স্মার্ট সিটি, আশুলিয়া, ঢাকা, বাংলাদেশ

## বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বিভিন্ন সময়ের নির্দেশনার পরিপ্রেক্ষিতে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বিবিধ অনলাইন পরীক্ষা পরিচালনার নীতিমালা

- ৯) অনলাইনে বা সশরীরে যে কোন পরীক্ষার জন্য প্রত্যেক অনুষদ আলাদাভাবে একটি পরীক্ষা কমিটি গঠন করবে। সে কমিটির একজন সভাপতি থাকবেন এবং প্রত্যেক বিভাগ থেকে কমপক্ষে একজন ও বড় বিভাগ থেকে কমপক্ষে দুইজন সদস্য থাকবেন। শিক্ষকগণ স্ব-স্ব পরীক্ষা চলাকালীন সময়ে ইনভিজিলেটর হিসেবে কাজ করবেন।
- ১০) পরীক্ষার্থীরা যাতে বিভিন্ন অনলাইন পরীক্ষায় কোন অসদুপায় অবলম্বন না করতে পারে সেজন্য প্রত্যেক অনুষদের পরীক্ষা কমিটি একটি মনিটরিং সেল গঠন করবেন যারা অনলাইন পরীক্ষা চলাকালীন সময়ে বিবিধ অনলাইন টুলস্ ব্যবহার করে পরীক্ষা প্রদান পদ্ধতি মনিটর করবেন।

